

REGIONAL NEWS

UNIT

ALL INDIA RADIO, AGARTALA

Date:01-05-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

World Immunization Week :

বিশ্ব টিকাকরন সপ্তাহ উপলক্ষে ত্ৰিপুৰাতেও শিশু ও গৰ্ভবতী মায়েদের টিকাকরনে বিশেষ গুৰুত্ব দেওয়া হয়েছে। গতকাল বিশ্ব টিকাকরন সপ্তাহ শেষ হয়েছে। রাজ্য স্বাস্থ্য দপ্তর থেকে জানানো হয়, আজ ও আগামীকাল রাজ্যের সব কয়টি জেলায় টিকাকরনের সাফল্য পর্যালোচনা করা হবে। রাজ্যে সার্বিক টিকাকরন হার ৯৭.৬৪ শতাংশ হলেও গোমতী জেলায় ৯১ শতাংশ, খোয়াই জেলায় ৯৪ শতাংশ এবং দক্ষিণ জেলায় গড়ে ৯৩ শতাংশ সাফল্য।

NF Rail Way Spl Train :

NF RailWay-র পক্ষ থেকে আগরতলা-গুয়াহাটি এবং গুয়াহাটি-আগরতলার মধ্যে বিশেষ ট্ৰেনের ব্যবস্থা করা হয়েছে। এন এফ রেলওয়ের পক্ষ থেকে জানানো হয়, আজ পয়লা মে আগরতলা রেল ষ্টেশন থেকে ২০ কোচের ০৫৬৬২ নম্বরের বিশেষ এই ট্ৰেনটি রাত ১০টায় ছাড়বে এবং আগামীকাল বেলা ১টায় গিয়ে পৌঁছবে। অন্যদিকে, ০৫৬৬১ নম্বরের বিশেষ ট্ৰেনটি গুয়াহাটি থেকে ছাড়বে আগামী ৬ই মে সন্ধ্যা ৬টা ৩০ মিনিটে এবং আগরতলায় এসে পৌঁছবে পরদিন বেলা ১১টা ৩০ মিনিটে।

Manas Bhattacharjee :

আকাশবাণী আগরতলার সংবাদ বিভাগের সবার প্রিয়জন মানস ভট্টাচার্য প্রয়াত। আকস্মিক অসুস্থতার কারণে তিনি খোয়াই জেলা হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় গতকাল রাতে শেষ নিশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তিনি মা, স্ত্রী, সাত বছরের শিশু পুত্র ও দুই বছরের শিশু কন্যা রেখে গেছেন। তিনি আকাশবাণী আগরতলার সংবাদ বিভাগের সঙ্গে দীর্ঘদিন যুক্ত ছিলেন। সদা অমায়িক মানস ভট্টাচার্যের মৃত্যুতে আকাশবাণী আগরতলার সংবাদ বিভাগের পক্ষ থেকে গভীর শোক ও শোকসন্তপ্ত পরিবার পরিজনদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করা হয়েছে। গতকাল রাতেই তার শেষকৃত্য সম্পন্ন হয়েছে।

PM, Campaign :

লোকসভার বাকি পর্বের নির্বাচনকে ঘিরে বিভিন্ন রাজনৈতিক দলের প্রচার এখন তুঙ্গে। প্রধানমন্ত্রী তথা বরিষ্ঠ বিজেপি নেতা নরেন্দ্র মোদি গতকাল লাতুরে নির্বাচনী জনসভায় ভাষণ দেন। তিনি দেশের অগ্রগতি ও নিরাপত্তা নিশ্চিত করতে স্থিতিশীলতা ও শক্তিশালী নেতৃত্বের প্রয়োজনীয়তার ওপর জোর দেন।

কংগ্রেস দলের সমালোচনা করে, তিনি ২০১৪ সালের আগে এবং পরে উন্নয়নের গতির বৈসাদৃশ্য তুলে ধরেন। তিনি অটোমোবাইল উৎপাদন এবং প্রতিরক্ষার মতো বিভিন্ন ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতিগুলির ওপর আলোকপাত করেন।

Congress :

কংগ্রেসের প্রাক্তন সর্বভারতীয় সভাপতি ও সাংসদ রাহুল গান্ধী গতকাল ভিন্দে এক সমাবেশে ভাষণ দেন। শ্রী গান্ধী কংগ্রেসের ইশতেহারে দেওয়া বিভিন্ন প্রতিশ্রুতির উল্লেখ করেন। তিনি বলেন, কৃষকদের ঋণ মুকুব করা হবে এবং কৃষকদের ন্যূনতম সহায়ক মূল্য নিশ্চিত করা হবে।

যুবকদের আশ্বস্ত করে তিনি ৬ মাসের মধ্যে ৩০ লক্ষ চাকরি দেবার কথা বলেন। রাহুল গান্ধী বলেন যে ইন্ডিয়া জোট হবে বিশ্বের প্রথম সরকার যা প্রত্যেক স্নাতক এবং ডিপ্লোমাধারীদের শিক্ষানবিশের অধিকার দিতে চলেছে।

তিনি বলেন যে ভারতের পরবর্তী জোট সরকার হবে বিশ্বের প্রথম সরকার, যা ঘরে বসে কাজ করা মহিলাদের অর্থ দেবে। প্রতি মাসে মহিলাদের অ্যাকাউন্টে ৮,৫০০ টাকা জমা হবে।

May Day :

আজ মে দিবস। আন্তর্জাতিক শ্রমিক দিবস। ১৮৮৬ সালে আমেরিকার হে মার্কেটে ৮ ঘন্টা কাজ ৮ ঘন্টা বিশ্রাম ৮ ঘন্টা বিনোদনের দাবিতে শ্রমিক আন্দোলনের স্বরনে এই দিবস বিশ্ব জুড়ে পালিত হয়। ত্রিপুরায় বামপন্থী দলগুলো ও শ্রমিক সংগঠনগুলো নানা কর্মসূচির মধ্যে দিয়ে এই দিবস পালন করে থাকে। দিবসটি উপলক্ষে আজ বিকেলে আগরতলার প্যারেডাইস চৌমুহনীতে সিটুর উদ্যোগে এক সমাবেশের আয়োজন করা হয়েছে।

Governor visit - ONGC :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগ্নু গতকাল বাধারঘাট স্থিত ONGC ত্রিপুরা asset পরিদর্শনে যান। পরিদর্শনকালে রাজ্যপাল assetটির পরিকাঠামো গুলি সম্পর্কে অবহিত হওয়ার পাশাপাশি বিভিন্ন সমস্যাগুলি ও শোনেন এবং দ্রুত সমাধানের আশ্বাস দেন।

TSR :

ওড়িশায় লোকসভা নির্বাচনে নিরাপত্তার কাজে রাজ্যের টিএসআরের দশটি কোম্পানিকে পাঠানো হয়েছে। পুলিশ সদর দপ্তর জানিয়েছে, টিএসআরের ষষ্ঠ ব্যাটেলিয়ানের কমান্ডেন্ট শঙ্কর দেবনাথের নেতৃত্বে পাঁচ কোম্পানি জওয়ান ট্রেনে ওড়িশার উদ্দেশে রওনা দেন। পরে আরও পাঁচ কোম্পানি জওয়ান অষ্টম ব্যাটেলিয়ানের কমান্ডেন্ট অমরজিৎ দেববর্মার নেতৃত্বে ওড়িশার উদ্দেশে রওনা দিয়েছেন।

Detain of 6 Bangladeshi :

আগরতলা রেলস্টেশনে চার মহিলা সহ ছয় বাংলাদেশি নাগরিককে বেআইনি অনুপ্রবেশের অভিযোগে গ্রেপ্তার করেছে পুলিশ। আগরতলা রেল থানার ওসি তাপস দাস জানান, গতকাল সন্ধ্যায় রেল স্টেশনে আসার পর সন্দেহজনকভাবে তাদের আটক করা হয়। ব্যাঙ্গালুরু যাওয়ার জন্য আগরতলা রেলস্টেশনে এসেছিল বলে তারা জিজ্ঞাসাবাদে পুলিশকে জানিয়েছে।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। পশ্চিম জেলা সহ রাজ্যের বিভিন্ন স্থানে বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৭ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৮ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের উত্তর, উনকোটি এবং ধলাই জেলায় বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টি সঙ্গে ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। বাকি জেলাগুলিতে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে।
